

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৪০৪.১৩. ৯০৯


তারিখঃ ২২/০৯/২০২১খ্রিঃ

বিষয়ঃ ঋণ কার্যক্রম পরিচালনার জন্য বিদ্যমান ব্যাংক হিসাবটির শিরোনাম সংশোধন।

সূত্রঃ ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৪০৪.১৩.৮৯৭, তারিখঃ ২২/০৯/২০২১খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচিভূক্ত উপজেলায় ঋণ কার্যক্রম পরিচালনার জন্য বিদ্যমান ব্যাংক হিসাবের শিরোনাম সংশোধনের জন্য সূত্রস্থ স্মারকমূলে অফিস আদেশ জারি করা হয়। সে প্রেক্ষিতে উপজেলা পর্যায়ে কর্মসূচি কার্যালয় হতে ব্যাংক হিসাবের শিরোনাম সংশোধনের জন্য সংশ্লিষ্ট ব্যাংকে আবেদন করা হলে সফটওয়্যারে শিরোনাম সংশোধনের সুযোগ নেই মর্মে ব্যাংক কর্তৃপক্ষ জানালে বিষয়টি কোন কোন উপজেলা হতে কর্মসূচি সদর দপ্তরকে অবহিত করা হয়েছে।

এমতাবস্থায়, ঋণ কার্যক্রম পরিচালনার জন্য বিদ্যমান ব্যাংক হিসাবটির শিরোনাম সংশোধন করা সম্ভব না হলে বিদ্যমান হিসাবটি বন্ধ করে IRESPPW(LOAN FUND), BRDB শিরোনামে নতুন হিসাব খুলে পূর্বের হিসাবে বিদ্যমান অর্থ স্থানান্তর করে কর্মসূচি সদর দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, অডিট বা অন্য কোন দাপ্তরিক প্রয়োজনে যাচাই-বাছাইয়ের জন্য বন্ধকৃত হিসাবটি খোলার তারিখ হতে বন্ধ করার তারিখ পর্যন্ত ব্যাংক স্টেটমেন্ট হিসাব সংক্রান্ত নথিতে আবশ্যিকভাবে সংরক্ষণ করতে হবে।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
কর্মসূচি পরিচালক  
ফোনঃ ০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বিআরডিবি, উপজেলাঃ-----(কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে(জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ ----(কর্মসূচিভূক্ত সকল জেলা)।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৪. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ-----(কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।
৬. হিসাব সহকারী, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ-----(কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।
৭. অফিস নথি।